R. N. No. 2532/57

Regd. No. WB/MSD—4

টেলিফোন : ৩৪-১৫৫২
রিপ্রোডাকশন সিণ্ডিকেট
ঝকঝকে ছাপা, পরিষ্কার ব্লক ও সুন্দর ডিজাইন
৭-১, বিধান সরণী, কলিকাতা-৬

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

প্রতিষ্ঠাতা—স্বর্গীয় শরৎচন্দ্র পণ্ডিত (দাদাঠাকুর)

আপনার জমি চাষ কি সমস্যা?
একই জমি থেকে একাধিকবার ফসল তুলতে খরা ও বর্ষায় স্ব-নির্ভর চাষের জন্য ট্রাকটর দিয়ে চাষ করুন। এতে পয়সা ও সময় দুয়েরই সাশ্রয় হবে।
ট্রাকটর, পাম্পসেট ভাড়া ও বিভিন্ন সারের জন্য যোগাযোগ করুন।
আপনাদের সেবায় নিয়োজিত।
অজয় এগ্রো সার্ভিস সেণ্টার
মির্জাপুর, পোঃ গনকর (মুর্শিদাবাদ)

৬২শ বর্ষ
১৪শ সংখ্যা

রঘুনাথগঞ্জ, ১০ই ভাদ্র, বুধবার, ১৩৮২ সাল।
২৭শে আগষ্ট, ১৯৭৫ সাল।

নগদ মূল্য : ১৫ পয়সা
বার্ষিক ৬৲, সডাক ৭৲

## শহীদ নলিনী বাগচীর মর্মর মূর্তির আবরণ উন্মোচন

নিজস্ব সংবাদদাতা : ১৯১৮ সালে ঢাকার কলতাবাজারে পুলিশের সঙ্গে লড়াই চালিয়ে কাঞ্চনতলার (ধুলিয়ান) স্বাধীনতা পাগল তেইশ বছরের যুবক নলিনী বাগচী শহীদ হন। মৃত্যুর ৫৭ বছরের মধ্যে নিজভূমে উপযুক্ত মর্যাদা পাননি তিনি। বিলম্বিত লয়ে তাঁকে এবার স্মরণ করেন ধুলিয়ানের শহীদ নলিনী ভ্রাতৃ সংঘ। স্বাধীনতা দিবস উপলক্ষে এই সংঘের উদ্যোগে ধুলিয়ান শহরে পুরভবনের সামনে গত ১৫ আগষ্ট শহীদ নলিনী বাগচীর মর্মর মূর্তির আবরণ উন্মোচন করেন আজীবন গান্ধীবাদী স্বাধীনতা সংগ্রামী অধ্যাপক রেজাউল করিম। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বহরমপুর পুরসভার পুরপতি অমর নিয়োগী। প্রধান অতিথির আসন গ্রহণ করেন বিপ্লবী-সাংবাদিক প্রফুল্লকুমার গুপ্ত। সমবেত সঙ্গীত পরিবেশন করেন বাণীচাঁদ বালিকা বিদ্যাপীঠ ও ধুলিয়ান বালিকা বিদ্যালয়ের ছাত্রীরা। ওই দিন শহরের সর্বত্র স্বাধীনতা দিবস পালিত হয়।

স্বাধীনতা দিবস উপলক্ষে শহর রঘুনাথগঞ্জে বন্ধু সমিতির প্রাঙ্গণে 'ডাঃ জি পি চ্যাটারজি শিশু উদ্যান' নামে একটি শিশু উদ্যানের দ্বারোদ্ঘাটন করা হয়। বঙ্গবন্ধু শেখ মুজিবের শোচনীয় মৃত্যু সংবাদে বন্ধু সমিতি তাঁদের একটি অনুষ্ঠান বাতিল করে দেন। ১১ আগষ্ট শহীদ ক্ষুদিরাম স্মরণে জঙ্গিপুর সরস্বতী লাইব্রেরীর সামনে একটি স্মরণ সভার আয়োজন করেন জঙ্গিপুরের শক্তি শিবির ও মহিলা সাংস্কৃতিক সংঘ। সকালে 'পরাধীন ভারতের প্রথম শহীদ তুমি বিপ্লবী ক্ষুদিরাম' গানটি গেয়ে রঘুনাথগঞ্জ শহর পরিক্রমা করা হয়। ১৯০৮ সালের ১১ আগষ্ট ক্ষুদিরাম বসু ভারতে সর্বপ্রথম শহীদ হন।

১৫ আগষ্ট শ্রীঅরবিন্দ সোসাইটি শ্রীমাতৃচক্র রঘুনাথগঞ্জ শাখার ও অরঙ্গাবাদ শাখার উদ্যোগে এবং জঙ্গিপুরে আমরা কজন ক্লাবের পরিচালনায় শ্রীঅরবিন্দের ১০৪তম জন্ম-জয়ন্তী পালন করা হয়। সাগরদীঘিতে চার জায়গায় পথসভা করে ছাত্রছাত্রী ও স্থানীয় জনসাধারণকে স্বাধীনতার তাৎপর্য বোঝানো হয়। মিঠিপুরে এক সভায় কংগ্রেস কর্মীরা ৪০টি কাপড় দুঃস্থদের মধ্যে বিলি করেন। এখানে প্রবীণ বনাম নবীনদের মধ্যে উপভোগ্য একটি প্রদর্শনী ফুটবল খেলা অনুষ্ঠিত হয়। বোখারা স্কুলের ছেলেরা কর্মশিক্ষা প্রকল্পে ওই দিন মোরগ্রাম ষ্টেশন লাগা ক্ষতিগ্রস্ত গামীর সেতুটি মেরামত করে (একই প্রকল্পে গত সপ্তাহে তারা আরও একটি কালভারট জোড়া দেয়)। সাগরদীঘিতে এবারই প্রথম আপনজন-এর পরিচালনায় একটি সাঁতার প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। এ ছাড়াও মির্জাপুর, অরাঙ্গাবাদ, ফরাক্কা প্রভৃতি জায়গা থেকে পতাকা উত্তোলন ও স্বাধীনতা দিবস পালনের খবর পাওয়া গিয়েছে।

## খুনের দায়ে জঙ্গিপুর পুরসভার উপ-পুরপতি জেল হাজতে

নিজস্ব সংবাদদাতা : চলতি বছর চতুর্থ মাসের তৃতীয় সপ্তাহের গোড়ার দিকে রঘুনাথগঞ্জ থানার জয়রামপুরের কানাইলাল দাস হত্যা মামলায় জড়িয়ে পড়ে জঙ্গিপুর পুরসভার উপ-পুরপতি শামমহম্মদ বিশ্বাস ফেরার হন। খোঁজা-খুঁজিতে বাধ্য হয়ে তিনি গত ২০ আগষ্ট আরও ৬ জনকে সঙ্গে নিয়ে জঙ্গিপুর আদালতে আত্মসমর্পণ করে জামিনের প্রার্থনা জানান। ওই দিন সাব ডিভিশনাল জুডিশিয়াল ম্যাজিষ্ট্রেট জামিনের আবেদন অগ্রাহ্য করে ২৬ আগষ্ট পর্যন্ত জেল হাজতে আটক রাখার নির্দেশ দেন। সর্বশেষ সংবাদে প্রকাশ, ২৬ আগষ্ট এই উপ-পুরপতিকে চার হাজার টাকা জামিনে মুক্তি দেওয়া হয়।

১৩ এপ্রিল নিহত কানাইলাল দাস নিখোঁজ হয়। ১৭ এপ্রিল রঘুনাথগঞ্জ থানার বালির মাঠে একটি পুকুর থেকে তার মৃতদেহটি বস্তাবন্দী মুণ্ডহীন খণ্ডবিখণ্ড অবস্থায় পাওয়া যায়। ১৯ এপ্রিল কুড়ল গ্রামের কাছ থেকে মুণ্ডটি উদ্ধার করা হয়।

## ভগবান মহাবীরের নির্বাণ উৎসব

জঙ্গিপুর, ২৫ আগষ্ট—আজ জঙ্গিপুর উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে ভগবান মহাবীরের আড়াই হাজারতম নির্বাণ উৎসব পালিত হয়। এই উপলক্ষে আয়োজিত প্রবন্ধ প্রতিযোগিতায় প্রথম স্থান অধিকার করে ললিতা জৈন। বিতর্ক প্রতিযোগিতায় উল্লেখযোগ্য স্থান অধিকার করে দীপক সাহা ও বিশ্বজিৎ মুখারজি। প্রত্যেককে নগদ টাকায় পুরস্কার দেওয়া হয়। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুর্শিদাবাদ জেলা সাংবাদিক সংঘের সভাপতি কমল বন্দ্যোপাধ্যায়। পৌরোহিত্য করেন জঙ্গিপুর মহাবিদ্যালয়ের অধ্যক্ষ সচ্চিদানন্দ ধর।

## সাগরদীঘিতে টেলিফোন এক্সচেনজ উদ্বোধন

সাগরদীঘি, ২৬ আগষ্ট—এখানে সদ্য নির্মিত টেলিফোন একসচেনজটির আনুষ্ঠানিকভাবে চলার পথ শুরু হল ২৩ আগষ্ট, উদ্বোধন করেন হাওড়ার টেলিগ্রাফ মহকুমা শাসক এস এন মুখারজি। প্রথম দিন ১৭ জন গ্রাহককে সংযোগ দেওয়া হয়। খুব শিগগির আরও ৯ জনকে সংযোগ দেওয়া হবে। একসচেনজটি সরাসরি রঘুনাথগঞ্জের সঙ্গে সংযুক্ত হয়েছে। এটি স্থাপনের ফলে এখানকার এক বিরাট সমস্যার সমাধান সম্ভব হ'ল।

ফোন—অরঙ্গাবাদ—৩২
মৃণালিনী বিড়ি ম্যানুফ্যাকচারিং কোং (প্রাঃ) লিঃ
হেড অফিস—অরঙ্গাবাদ (মুর্শিদাবাদ)
রেজিঃ অফিস—২/এ, রামজী দাস জেঠীয়া লেন, কলিকাতা-৭

সবুজ বিপ্লবের শরিক হ'তে
রাসায়নিক সার ব্যবহার করুন
এফ, সি, আই-এর অনুমোদিত এজেন্ট
**ক্ষুদিরাম সাহা**
**চারুচন্দ্র সাহা**
জেনারেল মার্চেন্টস্ এণ্ড
অর্ডার সাপ্লায়ার্স )
পোঃ ধুলিয়ান, ( মুর্শিদাবাদ )

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

**জঙ্গিপুর সংবাদ**

১০ই ভাদ্র বুধবার, সন ১৩৮২ সাল।

## কিসের কল্যাণে ?

জরুরী অবস্থা ঘোষণার ফলে বর্ত্তমানে কোন কোন কর্মক্ষেত্রের পটপরিবর্তন পরিলক্ষিত হইতেছে। এখানে সেখানে যাহা লক্ষ্য করা গিয়াছে, তাহাতে দেখা যায় যে, অফিসগুলিতে বাবুদের টেবিল এখন আর খালি থাকে না। অমুক বাবু হাজিরা খাতায় উপস্থিত রহিলেও অফিস সময়ে ব্যক্তিগত কাজে যদিবা অন্যত্র যাইতেন, এখন আর তাহা করেন না। যতক্ষণ অফিস, ততক্ষণ অফিসে থাকার নূতন প্রবণতা দেখা যাইতেছে। আগে ছুটির সময়েরও যথেষ্ট হেরফের ছিল। বিকাল ৪টা, ৫টা বা ৫।০টা অনেক সময় অপরাহ্ণ ৩টায় বাজিত। অর্থাৎ নিয়মমাফিক ছুটির সময় পর্যন্ত সকলে থাকিতেন না। শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে শিক্ষক ও শিক্ষাকর্মিদের যথাসময়ে হাজিরা চলিতেছে। কাজ না থাকিলেও ছুটি হইলে সকলে একযোগে গৃহমুখী হইতেছেন। যাহার কল্যাণে কর্মস্থলে আসা, সেখানে থাকা এবং সেখান হইতে যাওয়ার ব্যাপারে একটা শৃঙ্খলা আসিয়াছে, তাহা নিঃসন্দেহে প্রশংসার্হ।

অরাজকতার পীঠভূমি রেল রাজত্বে প্রায় যুগান্তকারী পরিবর্তন আসিয়াছে। পূর্বে ছিল যাহা-খুসী-মর্জির কাজ। ট্রেণের গমনাগমনের সময় ষ্টেশনের দেওয়ালে পরিশোভিত সময় তালিকা ও মুদ্রিত টাইম টেব্‌ল্ পুস্তকে সীমাবদ্ধ থাকিত; বাস্তবায়িত হইত না। ট্রেণ কখন আসিবে, তাহার নিশ্চয়তা থাকিত না; কখন ছাড়িবে কেহ বলিতে পারিত না; 'এত লেট কেন'-র জবাব মিলিত না। গাড়ীর যখন খুসী আসা ও যখন খুসী যাওয়া একটি অতি সহজ, সাধারণ প্রাত্যহিক ব্যাপার হইয়া দাঁড়াইয়াছিল। যাত্রীসাধারণের দুর্ভোগের অবধি থাকিত না। এমনও নাকি হইয়াছে যে, গাড়ী লেটের রাইট টাইমে যাতায়াত করিয়াছে; অর্থাৎ পূর্বদিনের নির্দিষ্ট সময়ের গাড়ী পরের দিন নির্দিষ্ট সময়ে আসিয়াছে। কিন্তু সে দিন আর নাই; জমানার বদল হইয়াছে। কাছের বা দূরের ট্রেণগুলি এখন নিয়মিত আসিতেছে, যাইতেছে। বুকিংবাবু বলিলেন—ভারতের লোকসংখ্যা রাতারাতি বহুগুণ বাড়িয়াছে নাকি! কেন না টিকিট বেচিতে তিনি হিমসিম খাইতেছেন। টিকিটের এত খরিদ্দার হঠাৎ কি করিয়া বাড়িয়া গেল, তাহা তিনি ভাবিয়া পাইতেছেন না। সময়ানুগ ট্রেণ চলাচল ও প্রত্যেকের টিকিট কাটার যে মনোবৃত্তি দেখা দিয়াছে, তাহা যথাক্রমে স্বস্তি ও আনন্দের কারণ। আজকাল ট্রেণের বিষয় সকলের মুখে অন্যতম প্রধান আলোচ্য বিষয় হইয়াছে। এত সুখের স্থায়ী প্রতিশ্রুতি যদি মিলে তবে এই স্বস্তি ও আনন্দ সার্থক।

### খেলার মাঠে মারপিট জখম-১

রঘুনাথগঞ্জ, ২৬ আগষ্ট—গতকাল জঙ্গিপুর মহকুমা আন্তর্বিদ্যালয়ের প্রথম পর্বের একটি ফুটবল খেলা অনুষ্ঠিত হয় রঘুনাথগঞ্জ উচ্চতর বিদ্যালয় বনাম সাগরদীঘি উচ্চতর বিদ্যালয়ের মধ্যে, সাগরদীঘি বিদ্যালয়ের নিজস্ব খেলার মাঠে। উক্ত প্রতিদ্বন্দ্বিতায় রঘুনাথগঞ্জ বিদ্যালয় ১—০ গোলে জয়লাভ করে। অভিযোগ, নিজস্ব মাঠে হেরে যাওয়ায় সাগরদীঘি বিদ্যালয়ের ছাত্ররা ক্ষুব্ধ হয়ে প্রধান শিক্ষকের উপস্থিতিতে বিজয়ীদের আক্রমণ করে এবং তাদের হাতে কয়েকজন প্রহৃত হয়। এদের মধ্যে রঘুনাথগঞ্জের একজনকে হাসপাতালে ভর্ত্তি করা হয়। প্রকাশ, রঘুনাথগঞ্জ বিদ্যালয়ের কর্তৃপক্ষ এই আচরণের প্রতিবাদ জানিয়ে মহকুমা শাসকের কাছে অভিযোগ করেছেন। মহকুমার একজন বিশিষ্ট ক্রীড়াবিদ এই ঘটনার নিন্দা করেন এবং প্রধান শিক্ষকের উপস্থিতিতে এই ধরণের ঘটনা ঘটায় দুঃখ প্রকাশ করেন। অসমর্থিত সূত্রের খবর, সাগরদীঘি মাঠে আপাততঃ কোন খেলা হবে না।


**দুঃখুলাল নিবারণচন্দ্র কলেজ**
**অরঙ্গাবাদ ঃ মুর্শিদাবাদ**

ভাগীরথী তীরবর্ত্তী মনোরম প্রাকৃতিক পরিবেশে সুদৃশ্য কলেজ ভবন। স্নাতক শ্রেণীতে কলা ও বাণিজ্য বিভাগে ভর্তি চলছে। দিবা বিভাগে সহ-শিক্ষাসহ ইতিহাস, দর্শনশাস্ত্র ও রাষ্ট্রবিজ্ঞান পড়ানো হয়। রাষ্ট্রবিজ্ঞানে অনার্স আছে। প্রাতঃ বিভাগে বাণিজ্যে এ্যাকাউন্টেন্সিতে অনার্স আছে। ছাত্রাবাসের সুবিধা আছে। অভিজ্ঞ অধ্যাপকমণ্ডলী। দরিদ্র ও মেধাবী ছাত্র-ছাত্রীদের জন্য বিশেষ আর্থিক সুবিধা দেওয়া হয়। ভর্তির জন্য সত্বর যোগাযোগ করুন।

—অধ্যক্ষ

( এ-৮০, ৭৫ )

থিন এ্যারারুট ★ ডাইজেসটিভ ★ সবার জন্যই ব্রিটানিয়া
**বামাপদ চন্দ্র এ্যাণ্ড সনস্**
ব্রিটানিয়া বিস্কুট কোম্পানীর জঙ্গিপুর মহকুমার
একমাত্র পরিবেশক।
রঘুনাথগঞ্জ ★ মুর্শিদাবাদ
ফোন : ২৬




রঘুনাথগঞ্জ পণ্ডিত প্রেস হইতে অনুত্তম পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত মুদ্রিত ও প্রকাশিত।

# কৃষি সংবাদ

## *ধানের বীজতলায় ওষুধ দিন !*

ভাল ফসলের জন্য সুস্থ সবল চারা পেতে হ'লে বীজতলায় অতি অবশ্যই রোগ ও কীটনাশক ওষুধ দিন।

বীজতলায় চারার বয়স ১২-১৫ দিন হ'লে নীচে লেখা যে কোন একটি কীটনাশক ও যে কোন একটি রোগনাশক ওষুধ মিশিয়ে ছেটান। দশ শতক ( ৬ কাঠা ) বীজতলার ওষুধ গোলার জন্য ২৫ লিটার ( দেড় টিন ) জলের প্রয়োজন হবে। দানাদার ওষুধ শুকনো ছড়াবেন তবে বীজতলায় যেন ৩-৪ দিন জল দাঁড়িয়ে থাকে।

মনে রাখবেন এই দশ শতক বীজতলার চারা এক একরে রোয়া যাবে। সুতরাং বীজতলায় ওষুধ দিলে ওষুধের পরিমাণ, মুনিষ খরচ রোয়া জমিতে দশ ভাগের এক ভাগ হবে তাতে অনেক পয়সা বাঁচবে। বীজতলা থেকে তোলার পর গাছ না লাগা পর্যন্ত অসহায় অবস্থায় শত্রুর আক্রমণ থেকে বাঁচাবে। বীজতলার কোন ক্ষতি থেকেও আপনি নিশ্চিন্ত হতে পারেন।

| কীটনাশক ওষুধ | দশ শতকে ব্যবহারের পরিমাণ |
|---|---|
| (ক) *দানাদার* | |
| ১। ফিউরাজন ৩ জি. | ১৫০০ গ্রাম |
| ২। ডায়াজ্ঞানন ৫ জি. | ১২০০ গ্রাম |
| ৩। থাইমেট ১০ জি. | ৬০০ গ্রাম |
| (খ) *তরল তেল জাতীয়* | |
| (৪) থায়োডান ৩৫ ই. মি. | ৫০ মিলিমিটার |
| (৫) ডেমিক্রন ১০০ ই. মি. | ১২ „ |
| (৬) একালাক্স ২৫ ই. মি. | ৩৭ „ |
| (গ) *গুঁড়ো পাউডার* | |
| (৭). বি. এইচ. সি. ৫০ শতাংশ | ১০০ গ্রাম |
| (৮) সেভিন „ „ | ৭৫ „ |

| রোগনাশক ওষুধ | দশ শতকে ব্যবহারের পরিমাণ |
|---|---|
| (ক) গুঁড়ো পাউডার | |
| (১) ক্যাপটান ৮৩ শতাংশ | ১০০ গ্রাম |
| (২) ডায়াথেন জেড ৭৮ „ | „ |
| (৩) ডায়াথেন এম ৪৫ „ | „ |
| (৪) ব্লাইজিন | „ |
| (৫) ইউনিজেব | „ |
| (৬) হেক্সাথেন | „ |
| (৭) লোনাকল | „ |
| (৮) কুমান | „ |

মুখ্য কৃষি আধিকারিক, মুর্শিদাবাদ।
বহরমপুর : মুর্শিদাবাদ

(মুর্শিদাবাদ জেলা তথ্য ও জনসংযোগ দপ্তর হইতে প্রেরিত)

# কৃষি সংবাদ

## পাটে ওষুধ দিন

আপনার পাটের ক্ষেত ঘুরে ঘুরে দেখুন কারণ ঘোড়া বা তিড়িং পোকার উৎপাত খুব বেশী শুরু হয়েছে। এ ছাড়া বিছে পোকার ( আঁচা ) আক্রমণও দেখা যাচ্ছে। এগুলো গাছের পাতা ও কচি অংশ খেয়ে ফেলে গাছের বাড় বন্ধ করে দেবে। ডাটা সার হয়ে কম জোরী হয়ে যাবে যদি ক্ষতির আশঙ্কা দেখা দেয় তাহলে নীচের যে কোন একটি তরল কীটনাশক ওষুধ প্রতি একরে ৩০০ লিটার ( ১৮ টিন ) জলে গুলে শুকনো আবহাওয়ায় ১০-১৫ দিন অন্তর ছেটান।

| | ওষুধের নাম | এক একরের জন্য ওষুধের পরিমাণ | দশ লিটার মাপের এক স্প্রেয়ার জলে ওষুধের পরিমাণ |
|---|---|---|---|
| ১। | নুভান ১০০ ই. সি. | ১০০ মিলিলিটার | ৩½ মিলিলিটার ( চা চামচের এক চামচ ওষুধ ৫ মিলিলিটারের সমান ) |
| ২। | কলিথয়ন ১০০ ই. সি. | ৩০০ ,, | ১০ ,, |
| ৩। | মেটাসিড ৫০ ই. সি. | ৩০০ ,, | ১০ ,, |
| ৪। | থায়োডান ৩৫ ই. সি. | ৬০০ ,, | ২০ ,, |
| ৫। | এনড্রেক্স ২০ ই. সি. | ৬০০ ,, | ২০ ,, |
| ৬। | লিনডেন ২০ ই. সি | ৬০০ ,, | ২০ ,, |
| ৭। | এনড্রিন ২০ ই. সি. | ৬০০ ,, | ২০ ,, |
| ৮। | ট্র্যাফাড্রিন ২০ ই. সি. | ৬০০ ,, | ২০ ,, |

তাহলে পাটের বয়স যদি ৪০-৬০ দিনের মধ্যে হয় ( প্রায় ২' ফুট মত উঁচু ) এবং ঐ পাট যদি তাড়াতাড়ি মাথায় বড় করতে চান তাহলে ঐ একই পরিমাণ জলে ও ওষুধের মিশ্রণের সঙ্গে একর প্রতি ৬ কেজি হারে ইউরিয়া গুলে পাতায় স্প্রে করুন। সকাল অথবা বিকালের দিকে স্প্রে করা ভাল গাছের ৬০ দিন বয়স পর্যন্ত ১০-১৫ দিন অন্তর দু-তিনবার স্প্রে করলে ভাল ফল দাঁড়াবে।

মনে রাখবেন এবারে পাট নামলা সুতরাং ফলন যাতে কোন রকমে মার না খায় তারজন্য ওপরের দুটে বিষয়ে যথেষ্ট নজর দিন এবং ফলন বাড়ান।

মুখ্য কৃষি আধিকারিক, মুর্শিদাবাদ।
বহরমপুর : মুর্শিদাবাদ

(মুর্শিদাবাদ জেলা তথ্য ও জনসংযোগ দপ্তর হইতে প্রেরিত)